

“ছেলে হোক মেয়ে হোক  
দু’টি সন্তানই যথেষ্ট”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
মির্জাপুর, টাঙ্গাইল।



মির্জাপুর পরিবার পরিকল্পনা বিভাগীয় মাসিক ১ম ভার্চুয়াল সমন্বয় সভার রেজুলেশন

সভাপতি মোঃ শহীদুল ইসলাম  
উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা  
সভার তারিখ ১০/০৬/২০২০ খ্রিঃ  
সভার সময় সকাল ১১ ঘটিকা  
স্থান উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়  
উপস্থিতি সভায় উপস্থিতিদের তালিকা পরিশিষ্ট ‘ক’ হিসেবে সংযুক্ত রয়েছে।

সভাপতি মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। করোনাকালীন সময়ে পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়ন সম্পর্কে দিক নির্দেশনা প্রদান করা হয়। বিশেষকরে অনাকাঙ্খিত গর্ভধারণ রোধে সকলকে ইনোভেটিভ চিন্তা প্রয়োগ করে সেবা প্রদানের বিস্তৃতি করার নির্দেশনা প্রদান করা হয়। শূন্য ইউনিট সমূহে সেবা প্রদানে বিশেষ গুরুত্ব প্রদানে নজর রাখার কথা বলা হয়। ত্রান বিতরণের সময়ে গোপনীয়তা অনুসরণ করে কন্ট্রোলসেপটিভ সেবা প্রদানের গুরুত্ব তুলে ধরা হয়। মা ও শিশু স্বাস্থ্য সেবা বিশেষকরে গর্ভবতী মায়ের সেবা প্রদানে বেশি গুরুত্ব দেয়ার তাগিদ প্রদান করা হয়। বিভাগীয় কতাবক্রমের পাশাপাশি সরকারি ত্রান বিতরণে FWA/FPI গণকে অংশগ্রহণের জন্য বিশেষ ধন্যবাদ প্রদান করা হয়।

সভায় নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা এবং সিদ্ধান্ত নেয়া হয়।

ক্রমিক নং	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	মাসিক প্রতিবেদন	ইএমআইএস এবং এমআইএস এর প্রতিবেদন যেন মিল থাকে সে বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিউনিটি মডিউলের প্রতিবেদন বেশ সাফল্যজনকভাবে প্রদান করা হচ্ছে। ফ্যাসিলিটি মডিউলের প্রতিবেদন আরও কার্যকর করার বিষয়ে গুরুত্ব প্রদান করা।	সময়মত প্রতিবেদন দাখিল করা এবং ম্যানুয়াল প্রতিবেদনের সাথে ইএমআইএস প্রতিবেদন মিল করা।	এসএসিএমও/এফপিআই/এফডব্লিউডি/ফার্মাসিস্ট/এফপিআই/এফডব্লিউএ
২	লজিস্টিকস সাপ্লাই ও এনজিও বিষয়ক	কোন মাঠকর্মীর যেন লজিস্টিকস স্টক আউট না হয় সেদিকে গুরুত্ব প্রদান করা। এছাড়া বেসরকারি সংস্থা এফপিএবি যেহেতু মাঠ পর্যায়ে দৃশ্যমান কাজ করছে না তাই লজিস্টিকস সরবরাহ প্রদান নিয়ন্ত্রন করা।	এসসিএমপি ওয়েভ মনিটর করে স্টক আউট রোধ করা এবং এফপিএবি এর মাঠ কর্মীদের(যদি থাকে) সরাসরি সাপ্লাই দেয়া।	এফপিআই(সকল), স্টোর কিপার

৩	ট্যাব ম্যানেজমেন্ট	গোড়াই ইউনিয়নের এসএসিএমও ট্যাব সংগ্রহ করে চলতি মাসে ইএমআইএস এর প্রতিবেদন দাখিল করা। এছাড়া MB ব্যবহারে সকলকে আরো সতর্ক হওয়া এবং MB সমস্যা হলে গ্রামীন ফোনের প্রদত্ত নম্বর সমূহে সরাসরি অভিযোগ করে সমস্যা নিস্পত্তি করা। ট্যাবের বডি কভার অনেক স্টাফের নেই এবং ব্যবহারের ফলে পুরাতন হয়ে গিয়েছে। ট্যাবের বডি কভার ক্রয়ের চাহিদা প্রদান করা।	১।গোড়াই ইউএইচএন্ড এফডব্লিউসি এর এসএসিএমও অনতিবিলম্বে ট্যাব সংগ্রহ করবেন। ২।এমবি সমস্যা সমাধানে প্রদত্ত নম্বরে যোগাযোগ করে সমস্যা সমাধান করা। ৩। ট্যাবের বডি কভার ক্রয়ে ফিল্ড সার্ভিস বরাবরে চাহিদা প্রেরণ।	এসএসিএমও, গোড়াই।  সকল(স্টাফ)  ইউএফপিএ(একাউন্টস)
৪	ভার্চুয়াল সভা	যেহেতু সকল স্টাফের ইন্টারনেট সংযোগসহ ট্যাব রয়েছে তাই সকল স্টাফকে ভার্চুয়াল সভায় অংশ নেয়া সহজ হয়েছে। বর্তমান করোনা পরিস্থিতিতে ভার্চুয়াল সভার বিকল্পও নেই।	মাসিক সমন্বয় সভায় প্রযুক্তি ব্যবহার করে যুক্ত হওয়া।	সকল(স্টাফ)
৫	কর্তৃপক্ষের নির্দেশনা সমূহ	কর্তৃপক্ষের নির্দেশনা সমূহ ইমেইল গ্রুপ, মেসেঞ্জার গ্রুপ এবং ইনথির মাধ্যমে রিয়েল টাইমে প্রেরণ করা হয়। সেগুলো অনুসরণ পূর্বক সেবা প্রদান করা।	নিয়মিত ইমেইল ও মেসেঞ্জার গ্রুপ চেক করা এবং সে অনুযায়ী সেবা প্রদান করা।	সকল(স্টাফ)
৬	সুরক্ষা সামগ্রী সংগ্রহ	সকল ইউএইচএন্ডএফডব্লিউসি তে পরিষ্কার পরিছন্ন নিশ্চিত করা এবং ব্যক্তিগত সুরক্ষা সামগ্রী এর চাহিদা নিরূপন করা এবং বিভিন্ন এমএসআর এর চাহিদা প্রদান করা।এছাড়া ইউনিয়ন পরিষদ হতে সুরক্ষা সামগ্রী সংগ্রহে ইউনিয়ন কমিটিতে আলোচনা করা।	১।কেন্দ্র সমূহ হতে চাহিদার ভিত্তিতে দ্রব্যাদি সরবরাহ করা। ২। ইউনিয়ন কমিটিতে এলজিএসপি থেকে সুরক্ষা সামগ্রী প্রাপ্তি বিষয়ে এজেন্ডা নেয়া।	এসএসিএমও/এফডব্লিউডি(সকল)  এফপিআই/এসএসিএমও
৭	প্রজেকশন প্রতিবেদন	মে মাসের প্রতিবেদনের উপর ভিত্তি করে নির্ভুল প্রতিবেদন প্রদান করা।	যথাসময়ে প্রজেকশন প্রতিবেদন প্রদান	এফপিআই(সকল)

৮	কর্মস্থলে অবস্থান	করোনা কালীন পরিস্থিতিতে বাধ্যতামূলক কর্মস্থলে অবস্থান করে সেবা প্রদান অব্যাহত রাখা।	কর্মস্থলে অবস্থান বাধ্যতামূলক	সকল স্টাফ
৯	বিল দাখিল	আগামী সপ্তাহের মধ্যে স্টাফদের সকল বিল অফিসে দাখিল করা।	যথাসময়ে অফিসে বিল দাখিল করা।	এসএসিএমও/এফপিআই/এফডব্লিউডি /ফার্মাসিস্ট/এফপিআই/এফডব্লিউএ

করোনা পরিস্থিতিতে ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত পূর্বক সেবা প্রদান অব্যাহত রাখা, প্রশাসন ও স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় পূর্বক করোনা পরিস্থিতি উত্তোরণে যথাযথ ভূমিকা পালনের আশাবাদ ব্যক্ত করা হয়। পরিশেষে সভাপতি মহোদয় সকলের সুস্বাস্থ্য কামনা ও ধন্যবাদ প্রদান করে সভার কাজ শেষ করেন।



মোঃ শহীদুল ইসলাম

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

স্মারক নম্বর: ৫৯.১১.৯৩৬৬.০০০.০৬.০০৩.২০.৩৯

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৭

১০ জুন ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার

ক্রমানুসারে নয়) :

- ১) উপপরিচালক, জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়, টাংগাইল।
- ২) মির্জাপুর পরিবার পরিকল্পনা স্টাফ(সকল)।



মোঃ শহীদুল ইসলাম

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা